রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, ডিসেম্বর ২৩, ২০০৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

বিজ্ঞপ্তি

তারিখ, ০৯ পৌষ ১৪১৪ বাং/২৩ ডিসেম্বর ২০০৭ খ্রিঃ

নং ৪০ (মুঃ প্রঃ)।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপতি কর্তৃক ০৫ পৌষ, ১৪১৪ বাং/ ১৯ ডিসেম্বর, ২০০৭ খ্রিঃ তারিখে প্রণীত নিম্নে উল্লেখিত অধ্যাদেশটি এতদ্বারা জনসাধারণের জ্ঞাতার্থে প্রকাশ করা হইল।

## জাতীয় মানবাধিকার কমিশন অধ্যাদেশ, ২০০৭

২০০৭ সনের ৪০ নং অধ্যাদেশ

জাতীয় মানবাধিকার কমিশন প্রতিষ্ঠাকল্পে প্রণীত

## অধ্যাদেশ

যেহেতু, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানে মানবাধিকার রাষ্ট্র পরিচালনার অন্যতম মূল লক্ষ্য হিসাবে চিহ্নিত; এবং

যেহেতু, মানবাধিকার সংরক্ষণ, উন্নয়ন এবং নিশ্চিতকরণ রাষ্ট্রের দায়িত্ব; এবং

যেহেতু, মানবাধিকার সংরক্ষণ, উন্নয়ন এবং মানবাধিকার যথাযথভাবে নিশ্চিত করিবার উদ্দেশ্যে জাতীয় মানবাধিকার কমিশন নামে একটি কমিশন প্রতিষ্ঠা করা এবং এতদুদ্দেশ্যে বিধান প্রণয়ন করা সমীচীন ও প্রয়োজনীয়; এবং

যেহেতু, সংসদ ভাঙ্গিয়া যাওয়া অবস্থায় রহিয়াছে এবং রাষ্ট্রপতির নিকট ইহা সন্তোষজনকভাবে প্রতীয়মান হইয়াছে যে, আশু ব্যবস্থা গ্রহণের জন্য প্রয়োজনীয় পরিস্থিতি বিদ্যমান রহিয়াছে;



মূল্য ঃ টাকা ৮.০০